

MUGBERIA GANGADHAR MAHAVIDYALAYA
DEPARTMENT OF BENGALI
MA 1st SEMESTER EXAMINATION-2024
COURSE NO : BNG- 105

পূর্ণমান: ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংস্কৃতগুলির প্রশ্নমান নির্দেশক।
 প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

বিভাগ - ক

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

২x১০=২০

- ১। বাংলা গদ্য সাহিত্যের বিকাশে রাজা রামমোহন রায়ের অবদান আলোচনা করো।
- ২। বিদ্যাসাগরের 'শকুন্তলা' গ্রন্থটি কতখানি মৌলিক নির্মাণ হয়ে উঠেছে— তা দৃষ্টান্ত সহ আলোচনা করো।
- ৩। 'কমলাকান্তের দত্তর'-এ এক নিঃসঙ্গ ব্যথাতুর কবিপ্রাণ বঙ্কিমচন্দ্রের উপস্থিতি লক্ষ্য করা যায়— আলোচনা করো।
- ৪। ছোটগল্প সৃষ্টির ক্ষেত্রে মোপাসাঁ ও চেখফকে গ্রহণ করেও রবীন্দ্রনাথ সম্পূর্ণ স্বতন্ত্র— 'মোপাসাঁ-চেখফ-রবীন্দ্রনাথ' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

বিভাগ - খ

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৪x৫=২০

- ৫। বাংলা গদ্যের সূচনা পর্বে ফোর্ট উইলিয়াম কলেজের গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ৬। প্রমথ চৌধুরীর গদ্যের পাঁচটি বৈশিষ্ট্য দৃষ্টান্ত সহ উল্লেখ করো।
- ৭। বিদ্যাসাগরের 'শকুন্তলা'-য় অনুসূয়া ও প্রিয়দ্বদা চরিত্র দুটির স্বাতন্ত্র্য সংক্ষেপে আলোচনা করো।
- ৮। 'মনুসামল' প্রবন্ধে প্রাবন্ধিক নারী জাতি সম্পর্কে যে অভিমত পোষণ করেছেন তা সংক্ষেপে ব্যক্ত করো।
- ৯। 'বিড়াল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের কৌতুকরস ও রসিকতার যে পরিচয় পাওয়া যায় তা লিপিবদ্ধ করো।
- ১০। 'জাতি-ধর্ম নির্বিশেষে ভারতীয়দের পিতৃ-পুরুষদের কাছ থেকে পাওয়া রিক্ত'— কোন রচনার অংশ? বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।